ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ
# সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



রূপালী পর্দায় ফিরছেন ইয়ামি গৌতম

পৃঃ ৫



ফুটবল ক্লাব কিনছেন এমবাপে

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২১৩ ● কলকাতা ● ২০ শ্রাবণ, ১৪৩১ ● সোমবার ● ০৫ আগস্ট, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## ক্লাবগুলিকে ১৫ হাজার টাকা অনুদান

# 'খেলা হবে দিবসে'



**বেবি চক্রবর্ত্তী: কলকাতা:-** এবার 'খেলা হবে দিবস' পালনের জন্য রাজ্যের ক্লাবগুলিকে ১৫ হাজার টাকা করে দেবে ক্রীড়া দফতর। এই টাকা কোন কোন ক্লাবকে দেওয়া হবে, সেটাও নির্দিষ্ট করে দেওয়া হয়েছে। সংশ্লিষ্ট দফতরের পক্ষ থেকে জারি করা নির্দেশিকায় বলা হয়েছে, যে সমস্ত ক্লাব ইতিমধ্যেই অনুমোদন পেয়েছে বা পাবে, খেলা হবে দিবস পালনের জন্য সেই সমস্ত ক্লাবগুলিকেই দেওয়া হবে ১৫ হাজার টাকা। ইন্ডিয়ান ফুটবল অ্যাসোসিয়েশন অনুমোদিত ক্লাবগুলিও ওই দিন 'খেলা হবে দিবস'

পালন করবে। তাদেরও দেওয়া হবে ১৫ হাজার টাকা।

১৬ অগাস্ট 'খেলা হবে দিবস' পালনের জন্য জেলাশাসকদের চিঠি দিয়ে ছাত্র-যুবসহ সাধারণ মানুষকে খেলাধুলার এই কর্মসূচিতে যুক্ত করতে সবরকম ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছেন রাজ্যের ক্রীড়া ও যুবকল্যাণ সচিব। তিনি প্রতিটি জেলায় একজন অতিরিক্ত জেলাশাসক ও জেলা ইউথ অফিসার এবং সংশ্লিষ্ট আধিকারিকদের কমিটি গড়ে 'খেলা হবে দিবস' পালনের পরিকল্পনা তৈরি করতে বলেছেন। রাজ্যের ৩৪৫টি ব্লক, ১১৯টি পুরসভা, ৬টি কর্পোরেশনেই এই কর্মসূচি রূপায়ণ করা হবে। কলকাতা পুরসভার ১৪৪টি ওয়ার্ডেই পালিত হবে এই সরকারি কর্মসূচি। সব ক্লাবই ওই দিন ফুটবল-সহ সব ধরনের খেলার আয়োজন করতে পারবে। প্রতিটি জায়গায় খেলা হবে দিবস পালনের অনুষ্ঠানে বিধায়ক,জেলা পরিষদ সভাধিপতি পঞ্চায়েত সমিতির সভাপতি, এসডিও, বিডিও, থানার ওসি, স্থানীয় ক্রীড়া সংগঠক-সহ এলাকার বিশিষ্টজনদের আমন্ত্রণ জানাতে হবে। এ ব্যাপারে গাইড লাইন তৈরি করে দিয়েছে ক্রীড়া দফতর।

## শান্তি ফেরার নামগন্ধ নেই বাংলাদেশে

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শান্তি ফেরার নামগন্ধ নেই বাংলাদেশে । সাম্প্রতিক পরিস্থিতিতে শেখ হাসিনা সরকারের পদত্যাগের এক দফা দাবি জানাল বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। এক দফা দাবির অর্থ, প্রধানমন্ত্রী শেখ হাসিনা-সহ বর্তমান আওয়ামি লিগ সরকারের ইস্তফা ও ফ্যাসিবাদের বিলোপ। পরিস্থিতি সামলাতে শিক্ষার্থীদের সঙ্গে আলোচনার ডাক দিয়েছিলেন হাসিনা।তবে নাহিদ এ প্রসঙ্গে বলেন, "বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন থেকে আমরা খুব দ্রুতই ছাত্র-নাগরিক অভ্যুত্থানের জন্য সর্বস্তরের নাগরিক, ছাত্রসংগঠন ও সব পেশাজীবী মানুষের সঙ্গে মিলে মোর্চা ঘোষণা করব। সবার সঙ্গে আলোচনা করে ভবিষ্যৎ বাংলাদেশের জাতীয় রূপরেখা সবার সামনে হাজির করব। শুধু শেখ হাসিনা নন, তাঁর পুরো সরকারকে পদত্যাগ করতে হবে। এই ফ্যাসিবাদী শাসনব্যবস্থার বিলোপ করতে হবে। আমরা এমন একটি বাংলাদেশ গঠন করতে চাই, এমন একটি রাজনৈতিক বন্দোবস্ত তৈরি করতে চাই, যেখানে আর কখনও কোনও

এরপর ৩ পাতায়

## কেরালার ওয়েনাড়ে ভূমিধসের পাঁচ দিন পরেও

## এখনো জীবিত কেউ আটকে আছেন কিনা তা খুঁজে দেখছেন সেনাবাহিনী সহ উদ্ধারকারীরা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কেরালার ওয়েনাড় জেলায় বেশ কয়েকটি পাহাড়ি এলাকায় প্রবল বৃষ্টির ফলে ব্যাপক ভূমিধস হয়েছে। জলের স্রোত উপর থেকে বয়ে চলেছে। বহু মানুষ এই প্রাকৃতিক বিপর্যয় জখম হয়েছেন। প্রাণহানিকর এই ভূমিধসের পর পাঁচ দিন কেটে গেছে। এনডিআরএফ, সেনাবাহিনী এবং অন্যান্যরা রবিবার সকালেও উদ্ধার কাজ শুরু করেছে। ইতিমধ্যেই এই ভূমিধসের ফলে মৃত্যুর সংখ্যা ৩০০ পেরিয়ে গেছে। এছাড়াও অনেক দেহাংশ উদ্ধার করা হয়েছে। অনুমান করা হচ্ছে জল কাদামাটির মধ্যে এখনো বহু মানুষ আটকে থাকতে পারেন। নতুন করে এখন আর কোন জীবিত মানুষকে উদ্ধার করা যায়নি। ওয়াকিবহাল মোহলের ধারণা এই ধ্বংসলীলার পর এতদিন ধরে কেউ জীবিত থাকা কার্যত অসম্ভব। উদ্ধারকাজে কোনরকম খামতি রাখা হচ্ছে না। কেউ আটকে থাকলে তাকেও উদ্ধার করা হবে।

শনিবার জল কাদামাটি ভেঙে সেনাবাহিনীর জওয়ানরা সেতু তৈরির পর দুর্ভেদ্য এলাকায় ঢুকতে শুরু করেছেন। এই দুর্ভেদ্য এলাকা থেকে আর কত মৃতদেহ পাওয়া যাবে তাই নিয়েও দ্বন্দ্বে রয়েছেন

এরপর ৩ পাতায়

## অমিত শাহের ভবিষ্যদ্বাণী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের ভবিষ্যদ্বাণী। তিনি সাবধান করেছেন বিরোধীদের, বিশেষ করে ইন্ডিয়া জোটকে। বলেছেন, আগামী ২০২৯ সালে আবারও বিরোধী আসনেই বসতে হবে ইন্ডিয়া জোটকে। আর প্রধানমন্ত্রী হবেন নরেন্দ্র মোদী।২০২৪ সালের লোকসভা নির্বাচনে বিজেপি ২৪০টি আলন পেয়েছে। যা ২০১৯ সালের ৩০৩টি আসনের থেকে কম। তবে গেরুয়া শিবির এবার তেলেগু দেশম পার্টি ও নীতিশ কুমারের জেডিইউ-র সমর্থন ছাড়া সরকার গঠন করতে পারবে না। যদিও নরেন্দ্র মোদী এই নিয়ে টানা তিনবার প্রধানমন্ত্রী হয়েছে। তিনি প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরু রেকর্ড ছুঁয়ে ফেলেছেন। অন্যদিকে বিরোধী জোট অর্থাৎ ইন্ডিয়া ব্লকের সদস্য কংগ্রেসের দখলে ৯৯টি আসন রয়েছে। যদিও ২০১৯ সালের পর এই প্রথম কংগ্রেস বিরোধী দলের তকমা পেয়েছে

এরপর ৩ পাতায়

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

কবিতা সংকলন

দ্বীপ প্রস্মাস

সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার

সহ-সম্পাদক : নিবেদিতা শেঠ

Phone : 9163761670 /9564382031

কবিতা, গল্প ও অনুগল্প সংকলন

অনুগল্প ও গল্পের জন্য
ফোনে কথা বলে নেবেন
নিয়ম ও কারণ জানার জন্য।

মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে

শিশু কিশোর আকাদেমি

তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার

বিভাগীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা (প্রেসিডেন্সি বিভাগ)

আগামী ২৪ ও ২৫ আগস্ট '২৪ হাওড়া, উঃ ২৪ পরগনা, দঃ ২৪ পরগনা, নদিয়া এবং কলকাতার ছোটোদের জন্য সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।


২৪ এবং ২৫ আগস্ট প্রেসিডেন্সি বিভাগের উল্লিখিত জেলাগুলির জন্য এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতার সময়সহ বিস্তারিত বিবরণ ও আবেদনপত্র সংগ্রহের জন্য দুপুর ১টা থেকে সন্ধে ৬টা পর্যন্ত (প্রতি ক্ষেত্রে শনি, রবি ও অন্য ছুটির দিন বাদে) কলকাতায় শিশু কিশোর আকাদেমির কার্যালয়ে নিম্নলিখিত ঠিকানায় আবেদনপত্র জমা দিতে হবে। আবেদনের শেষ তারিখ ২০ আগস্ট ২০২৪।

প্রতিযোগিতার বিষয়: 'ক' বিভাগ (৫ থেকে ১০+): রবীন্দ্রসংগীত, নজরুলগীতি, রাগপ্রধান গান, লোকগীতি, শাস্ত্রীয় নৃত্য, আবৃত্তি। 'খ' বিভাগ (১১ থেকে ১৬+): রবীন্দ্রসংগীত, নজরুলগীতি, রাগপ্রধান গান, লোকগীতি, শাস্ত্রীয় নৃত্য, আবৃত্তি, তাৎক্ষণিক বক্তৃতা। এই প্রতিযোগিতায় স্থানাধিকারীদের পুরস্কৃত করা হবে, প্রত্যেক অংশগ্রহণকারীকে শংসাপত্র দেওয়া হবে। এবং এই প্রতিযোগিতার ভিত্তিতেই আসন্ন 'পঞ্চদশ রাজ্য শিশু কিশোর উৎসব'-এ অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে।

বিঃ দ্রঃ- আসন্ন রাজ্য শিশু কিশোর উৎসবে দলগত অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য (গান, নাচ, আবৃত্তি, বৃন্দবাদন ইত্যাদি) এবং একক যন্ত্রবাদন, মূকাভিনয়, ম্যাজিক ইত্যাদি নানা বিষয়ের জন্য পেন ড্রাইভ/ডিভিডিসহ (অফেরতযোগ্য) সংশ্লিষ্ট দপ্তরে আবেদন করতে হবে। দলগত অনুষ্ঠানে দলের লেটারহেডেএবং অন্যান্য একক অনুষ্ঠানের জন্য সাদা কাগজে সংশ্লিষ্ট আধিকারিকের নামে চিঠি জমা দিতে হবে। প্রতিটি ক্ষেত্রে অবশ্যই পেন ড্রাইভ/ডিভিডি (অফেরতযোগ্য) দপ্তরে জমা দিতে হবে।

প্রতিযোগিতার স্থান: উত্তীর্ণ, আলিপুর। সময়: ২৪ আগস্ট সকাল ১০ টা থেকে 'ক' বিভাগ এবং ২৫ আগস্ট সকাল ১০টা থেকে 'খ' বিভাগ

শিশু কিশোর আকাদেমি। উত্তীর্ণ, দ্বিতীয় তল। ১এ, রিফর্মেটরি স্ট্রিট, আলিপুর, কলকাতা:২৭ফোন: ০৩৩ ২২২৩ ৬২১০ ই-মেল: skakademi@gmail.com



# অখিলের আচরণে ক্ষুব্ধ প্রশাসনের শীর্ষ স্তর





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বনদফতরের মহিলা আধিকারিকের সঙ্গে অভব্য আচরণের অভিযোগ। সেই জল গড়াল প্রশাসনের সর্বোচ্চ স্তর পর্যন্ত। সূত্রের খবর, অখিলের আচরণে ক্ষুব্ধ প্রশাসনের শীর্ষ স্তর। জানা যাচ্ছে, অখিলের মন্তব্যে ক্ষুব্ধ খোদ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। অবিলম্বে অখিলের ইস্তফা চায় দল। মহিলা আধিকারিককে হুমকির ইস্যুতে নড়েচড়ে বসেছে দল।সূত্রের খবর, ইতিমধ্যেই কারামন্ত্রীকে ফোন করেছেন সুব্রত বক্সী। নিঃশর্তে ক্ষমা চাওয়ার নির্দেশ দিয়েছেন বলে খবর। জানা যাচ্ছে, নির্দেশ এসেছে, 'ক্ষমা চান এবং পদত্যাগ করুন'। যদিও রবিবার সকালে সাংবাদিকদের সামনে কারামন্ত্রী নিজের ভুল স্বীকার করেছেন। তিনি বলেছেন, "আমি একটু রাগান্বীত হয়ে যে কথা বলে ফেলেছি, যে আচরণ করে ফেলেছি, সেটা ঠিক নয়। সেই কথাটা বলা অনুচিত। এক জন আধিকারিককে যে কথা বলেছি, সেটা নিশ্চিত ভাবে আমার বলা ঠিক হয়নি।" তবে তিনি এও বলেছেন, "ওঁর কথাবার্তাটা ঠিক নয়। বর্তমান যে রেঞ্জার, এখন কন্ট্রাক্টে আছেন, তাঁদের জেলা প্রশাসনেরও কেউ পছন্দ করেন না। ওঁ পরিস্থিতিটা জটিল করেছেন।" উল্লেখ্য, ইতিমধ্যে কারামন্ত্রীর বিরুদ্ধে লিখিত অভিযোগ জানিয়ে মুখ্যমন্ত্রীকে চিঠি করছেন খোদ বনমন্ত্রী।এর আগে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে অভব্য আচরণের অভিযোগ উঠেছিল অখিলের বিরুদ্ধে। সে সময়ে আসরে নামতে হয়েছিল খোদ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে। এবার এক মহিলা রেঞ্জ অফিসারের সঙ্গে এহেন আচরণে মুখ্যমন্ত্রী অত্যন্ত অসন্তুষ্ট বলে খবর। রাজনৈতিক বিশ্লেষকদের বক্তব্য, যেখানে মহিলা ভোটব্যাঙ্ককে এতটা জোর দেন মুখ্যমন্ত্রী, সেখানে দাঁড়িয়ে তাঁরই প্রশাসনের এক আধিকারিকের উদ্দেশে তাঁরই মন্ত্রীর এহেন আচরণ নিয়ে মুখ্যমন্ত্রী অত্যন্ত বিরক্ত। সোমবারই ক্যাবিনেট বৈঠক রয়েছে। সূত্রের খবর, সেখানেও মুখ্যমন্ত্রীর অসন্তোষের মুখে পড়তে পারেন কারামন্ত্রী। তিনি ভর্ৎসনার মুখে পড়তে পারেন বলে খবর। সূত্রের খবর, দল চাইছে অখিল গিরি নিজে থেকেই ইস্তফা দিন।

সূত্রের খবর, দলের অন্দরেই অভিযোগ উঠছে, অখিল গিরির জন্যই তৃণমূল কংগ্রেসের ভাবমূর্তি নষ্ট হচ্ছে। একুশের জুলাইয়ের মঞ্চ থেকেই খোদ নেত্রী বার্তা দিয়েছেন, যাঁতে তাঁর দলের মহিলা কর্মীদের যথাযথ সম্মান দেওয়া হয়। দলের সমস্ত নেতা-মন্ত্রীদের নিজেদের আচরণ সংযত রাখারও পরামর্শ দিয়েছিলেন মমতা-অভিষেক। সামনেই ছাব্বিশের নির্বাচন। তার আগেই যদি দলের এক মন্ত্রী এক প্রশাসনিক পদাধিকারীর উদ্দেশে 'জানোয়ার', 'বেয়াদপ', দেখে নেওয়ার হুঁশিয়ারি দিতে শোনা যাচ্ছে। অখিলকে নিয়ে এহেন বিতর্ক তৈরি হয়, তা দলের কাছেও যথেষ্ট অস্বস্তির।

# হাওড়া হুগলিতে প্লাবনের আশঙ্কা, ১ লাখ কিউসেক জল ছাড়লো ডিভিসি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বৃহস্পতিবার থেকে দক্ষিণবঙ্গে এবং ঝাড়খন্ডে প্রবল বৃষ্টির জেরে জল বেড়েছে একাধিক নদীতে। দামোদর নদেও বেড়েছে জল। জলের চাপ কমাতে ডিভিসির তরফ থেকে, ঝাড়খণ্ডের পাঞ্চেত এবং মাইথন জলাধার থেকে ছাড়া হচ্ছে দফাই দফাই জল। এখনো পর্যন্ত পাঞ্চের জলধর থেকে ১ লক্ষ ১৪ হাজার কিউসেক হারে জল ছাড়া হচ্ছে। মাইথন জলাধার থেকে ৬ হাজার কিউসেক হারে জল ছাড়া হচ্ছে। সেই জল দুর্গাপুর ব্যারাজে আসতেই সেচ দপ্তর দুর্গাপুর ব্যারাজ থেকেও ছাড়ছে দফায় দফায় জল। রবিবার সকাল থেকে প্রায় ৯৩ হাজার কিউসেক হারে ছাড়া হচ্ছে জল। এই জল ছাড়ার ফলে হাওড়া, হুগলি, পূর্ব বর্ধমান, বাঁকুড়া এবং পশ্চিম বর্ধমানের কাঁকসার বেশ কিছু অংশ প্লাবনের আশঙ্কা দেখা দিয়েছে। রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের মুখ্য উপদেষ্টা আলাপন বন্দ্যোপাধ্যায় আশঙ্কা প্রকাশ করে বলেন, এক লাখ কিউসেক জল ছাড়ার সিদ্ধান্ত নিয়েছে ডিভিসি।রাজ্যকে না জানিয়েই জল ছাড়ছে ডিভিসি।ফলে দক্ষিণবঙ্গে জনজীবনে চরম প্রভাব পড়তে চলেছে। বন্যা পরিস্থিতি তৈরি হতে পারে। তবে পরিস্থিতির দিকে নজরদারি চালাচ্ছে রাজ্য সরকার।

# জ্বলছে একের পর এক কামরা

## উঠছে রেলের গাফিলতি নিয়ে প্রশ্ন

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জ্বলছে একের পর এক কামরা, বিশাখাপত্তনম স্টেশনে দাঁড়িয়ে থাকা কোরবা এক্সপ্রেসে আগুন

অন্ধ্রপ্রদেশের বিশাখাপত্তনম স্টেশনে দাঁড়িয়ে থাকা একটি ট্রেনে আগুন লাগল। দাউ দাউ করে জ্বলছে একাধিক কামরা। এখনও পর্যন্ত হতাহতের কোনও খবর মেলেনি। চলছে উদ্ধারকাজ। আবার ট্রেন দুর্ঘটনা। এ বার অন্ধ্রপ্রদেশের বিশাখাপত্তনম স্টেশনে দাঁড়িয়ে থাকা একটি ট্রেনে আগুন লাগল। দাউ দাউ করে জ্বলছে তিনটি কামরা। কী ভাবে আগুন লেগেছে তা এখনও স্পষ্ট নয়। আগুন লাগার সঙ্গে সঙ্গেই এক্সপ্রেসের কামরা খালি করে দেওয়ার কাজ শুরু করেন রেলকর্মীরা। এখনও পর্যন্ত হতাহতের কোনও খবর মেলেনি।রবিবার সকালে কোরবা এক্সপ্রেস বিশাখাপত্তনম স্টেশনে এসে পৌঁছনোর পরই দুর্ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীদের কথায়,ওট্রেন স্টেশনে থামার পর যাত্রীরা একে একে নামছিলেন। সে সময়ই আচমকা একটি বাতানুকূল কামরায় আগুন ধরে যায়। সেই আগুন দ্রুত ছড়িয়ে পড়ে পাশের কামরাগুলিতেও। কালো ধোঁয়ায় ঢেকে যায় স্টেশন চত্বর।জানা গিয়েছে, কোরবা-বিশাখাপত্তনম এক্সপ্রেসের এ১ কামরায় প্রথমে আগুন দেখতে পান যাত্রীরা। তাঁরাই খবর দেন রেল কর্তৃপক্ষকে। সেই আগুন বি৬ এবং বি৭ কামরায় ছড়িয়ে পড়ে। ঘটনাস্থলে আসেন রেলকর্মীরা। দ্রুত ট্রেনের সব কামরা খালি করে দেওয়া হয়। তার পর ট্রেনটিকে স্টেশন থেকে সরিয়ে নিয়ে যাওয়া হয়। আগুন নেভানোর কাজ চলছে। ট্রেনটি কোরবা থেকে বিশাখাপত্তনমে আসে। তার পর সেখান থেকেই ট্রেনটি তিরুপতি যাওয়ার কথা ছিল। বিশাখাপত্তনমে এক্সপ্রেসটি পৌঁছনোর পরই দুর্ঘটনা ঘটে। ফলে ট্রেনটি বাতিল করেছে রেল কর্তৃপক্ষ। যাত্রীদের অন্য একটি ট্রেনে চাপিয়ে তিরুপতি নিয়ে যাওয়া হবে। এই অগ্নিকাণ্ডের জেরে কোনও হতাহতের ঘটনা ঘটেনি বলে রেল জানিয়েছে। কী ভাবে আগুন লাগল তা খতিয়ে দেখা হবে বলেও জানানো হয়েছে। উল্লেখ্য, গত কয়েক দিনে একের পর এক ট্রেন দুর্ঘটনার ঘটনা প্রকাশ্যে এসেছে। এক্সপ্রেসের সঙ্গে মালগাড়ির ধাক্কা, লাইনচ্যুত মালগাড়ি এমন নানা ঘটনা ঘটেছে। প্রাণহানিও হয়েছে। সম্প্রতি, হাওড়া-মুম্বই এক্সপ্রেস ঝাড়খণ্ডে দুর্ঘটনার কবলে পড়েছিল। ঘটনায় তিন জনের মৃত্যু হয়। পর পর দুর্ঘটনার কারণে প্রশ্নের মুখে পড়েছে যাত্রীসুরক্ষা। রেলমন্ত্রীর পদত্যাগের দাবি জানাচ্ছে বিরোধীরা। সেই আবহে আবারও ট্রেনে আগুন লাগার ঘটনা প্রকাশ্যে এল।

# নয়াদিল্লিতে ৩২তম আন্তর্জাতিক কৃষি অর্থনীতিবিদ সম্মেলনের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নয়াদিল্লির জাতীয় কৃষি বিজ্ঞান কেন্দ্রে (এনএএসসি) আয়োজিত ৩২তম আন্তর্জাতিক কৃষি অর্থনীতিবিদ সম্মেলনের আজ উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। এ বছরের সম্মেলনের মূল থিমটি হল- 'নিরন্তর কৃষি খাদ্য ব্যবস্থার রূপান্তরের লক্ষ্যে'। জলবায়ু পরিবর্তন, প্রাকৃতিক সম্পদের অবক্ষয় ও ক্ষয়ক্ষতি, উৎপাদন মূল্য বৃদ্ধি এবং নানা ধরনের সংঘাত ও সংঘর্ষজনিত পরিস্থিতির মুখে কৃষি ব্যবস্থাকে কিভাবে নিরন্তর একটি উৎপাদন প্রচেষ্টায় রূপান্তরিত করা যায়, সেই লক্ষ্যেই আয়োজিত এবারের সম্মেলন। বিশ্বের বিভিন্ন প্রান্তের প্রায় ৭৫টি দেশের এক হাজার জনের মতো প্রতিনিধি এবারের সম্মেলন যোগ দিয়েছেন।

দীর্ঘ ৬৫ বছর পর এই প্রথমবার ভারতে এই আন্তর্জাতিক সম্মেলন আয়োজনের উদ্যোগ ও প্রচেষ্টায় আনন্দ প্রকাশ করেন প্রধানমন্ত্রী। ১২০ কোটি ভারতবাসীর পক্ষ থেকে বিশ্ব প্রতিনিধিদের স্বাগত জানিয়ে তিনি তাঁর বক্তব্যে বলেন যে ভারতের কৃষি পরম্পরায় বিজ্ঞান ও প্রযুক্তিকে যুক্ত করার বিষয়টি বিশেষভাবে অগ্রাধিকার পেয়েছে। খাদ্যের ওষধি গুণের পেছনে যে সার্বিকভাবে বিজ্ঞানের অবদান রয়েছে, একথাও তিনি উল্লেখ করেন তাঁর এদিনের ভাষণে।

প্রধানমন্ত্রী বলেন, হাজার হাজার বছরের প্রাচীন দর্শন ও দৃষ্টিভঙ্গীকে অনুসরণ করে কৃষি ব্যবস্থা ক্রমশ গড়ে উঠেছে। এই সমৃদ্ধ ঐতিহ্যের ওপর ভিত্তি করে প্রায় ২ হাজার বছরের প্রাচীনওকৃষি পরাশর-এরও তিনি উল্লেখ করেন। ভারতে কৃষি-শিক্ষা ও গবেষণার যে ভালরকম ব্যবস্থা রয়েছে, একথাও এদিন স্পর্শ করে যায় প্রধানমন্ত্রীর বক্তব্যে। তিনি বলেন, ভারতীয় কৃষি গবেষণা পরিষদের আওতায় রয়েছে ১০০টি গবেষণা প্রতিষ্ঠান। প্রধানমন্ত্রী আরও জানান যে কৃষি-শিক্ষার জন্য দেশে ৫০০টিরও বেশি কলেজ এবং ৭০০-রও বেশি কৃষি বিজ্ঞান কেন্দ্র রয়েছে।

ভারতে কৃষি পরিকল্পনার ক্ষেত্রে ছ'টি ভিন্ন ভিন্ন ঋতুর প্রাসঙ্গিকতার দিকটি তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, কৃষি উৎপাদনের স্বার্থে ১৫টি কৃষি জলবায়ু অঞ্চল গড়ে উঠেছে। সমতলই হোক, হিমালয়ের মতো পার্বত্য অঞ্চলেই হোক কিংবা মরুভূমিতে, কৃষি

এরপর ৪ পাতায়











# সেনাকে ব্যবহার করে কুর্সি আগলে রাখার স্বপ্ন পূরণ হচ্ছে না বঙ্গবন্ধু কন্যার



**ঢাকা: নিউজ সারাদিন :** কোটা সংস্কার আন্দোলনকারীদের 'সর্বাত্মক অসহযোগিতা' কর্মসূচির কয়েক ঘন্টা আগে প্রধানমন্ত্রী শেখ হাসিনার রাতের ঘুম ছুটিয়ে দিলেন সেনা প্রধান ওয়াকার-উজ-জামান। শনিবার সেনানিবাসে বাহিনীর আধিকারিকদের সঙ্গে আলাপচারিতায় তিনি স্পষ্ট জানিয়ে দিয়েছেন, 'বাংলাদেশ সেনাবাহিনী দেশের জনগণের আস্থার প্রতীক।শনিবার বিকেলেই শহীদ মিনারের কেন্দ্রীয় সমাবেশ থেকে শেখ হাসিনা সরকারের পতনের দাবিতে 'করেঙ্গে ইয়ে মরেঙ্গে' আন্দোলন ঘোষণা করেছেন কোটা আন্দোলনকারীরা। এমনকী রবিবার থেকে সরকারের সঙ্গে সর্বাত্মক অসহযোগিতা আন্দোলন শুরু হচ্ছে। আর সেই ঘোষণার কয়েক ঘন্টা বাদেই প্রধানমন্ত্রী শেখ হাসিনার রক্তচাপ বাড়িয়ে নিরপেক্ষ অবস্থান নেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন সেনা প্রধান। সেনা আধিকারিক ও জওয়ানদের রাজনৈতিক আনুগত্য না দেখিয়ে সততা, সত্যনিষ্ঠা ও ন্যায়পরায়ণতার সঙ্গে দায়িত্ব পালনের নির্দেশও দিয়েছেন। সূত্রের খবর, এদিনের বৈঠকে বেশ কয়েকজন উচ্চ পদস্থ সেনা আধিকারিক স্পষ্ট জানিয়ে দিয়েছেন, কোটা আন্দোলনকারীদের দমন-পীড়নে সেনাবাহিনী জড়ালে আন্তর্জাতিক ক্ষেত্রে ভাবমূর্তি খারাপ হবে। এমনিতেই গত ১৫ বছরে শেখ হাসিনার জমানায় বাংলাদেশ সেনাবাহিনীর যথেষ্ট দুর্নাম হয়েছে। দেশ ও জাতির ক্রান্তিকালে নিরপেক্ষ ভূমিকা নিয়ে ভাবমূর্তি ফেরানোর সুবর্ণ সুযোগ কাজে লাগানো উচিত।জনগণের স্বার্থে এবং রাষ্ট্রের যে কোনও প্রয়োজনে সেনাবাহিনী সব সময় জনগণের পাশে আছে এবং থাকবে।' সেনা প্রধানের এমন মন্তব্য যথেষ্টই তাৎপর্যপূর্ণ বলে মনে করছেন রাজনৈতিক পর্যবেক্ষকরা। তাঁদের মতে, কোটা আন্দোলন দমনে পুলিশ এবং র‍্যাবের মতো সেনাবাহিনী যে দাসত্ব করবে না, তা স্পষ্ট বুঝিয়ে দিয়েছেন সেনা প্রধান। অর্থাৎ সেনাকে ব্যবহার করে কুর্সি আগলে রাখার স্বপ্ন পূরণ হচ্ছে না বঙ্গবন্ধু কন্যার।

গত ১৯ জুলাই কোটা আন্দোলন দমাতে দেশ জুড়ে কার্ফু জারি করেছিল শেখ হাসিনার সরকার। সেই সঙ্গে সেনা মোতায়েন করা হয়েছিল। কিন্তু কার্ফু উপেক্ষা করে কোটা আন্দোলনকারীরা মিছিল করলেও সেনা সদস্যরা বল প্রয়োগের রাস্তায় হাঁটেননি। বরং অনেক সেনা সদস্যই আন্দোলনকারী পড়ুয়াদের দাবির সঙ্গে সংহতি জ্ঞাপন করেছেন। শুধু তাই সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হওয়া একাধিক ছবিতে দেখা গিয়েছে, হাত ধরাধরি করে মিছিলও করেছেন সেনা সদস্যরা।

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২১৩ সংখ্যা ০৫ আগস্ট, ২০২৪ সোমবার ২০ শ্রাবণ, ১৪৩১

৩ পাতার পর

## পুরনো পর্যবেক্ষক ব্যবস্থা ফেরাতে ভাবনাচিন্তা শুরু করেছে তৃণমূল কংগ্রেস

না হলেও গুরুত্বপূর্ণ বেশির ভাগ জেলায় রাজ্য নেতাদের এই দায়িত্ব দেওয়া হবে। এক বা একাধিক রাজ্য নেতাকে শীর্ষ নেতৃত্বের সঙ্গে জেলা সংগঠনের সমন্বয়ে এই দায়িত্ব দেওয়া হতে পারে। এই সিদ্ধান্তের নানা দিক নিয়ে দলের অন্দরে অবশ্য আলোচনা চলছে। সাংগঠনিক দায়িত্ব বণ্টনের সময়ে বিষয়টি নির্দিষ্ট করে দেওয়া হতে পারে।

২০২১ সাল পর্যন্ত তৃণমূলে এই পর্যবেক্ষক ব্যবস্থা ছিল। কিন্তু ওই বছর বিধানসভা ভোটের পর তা তুলে দেওয়া হয়। সে ক্ষেত্রে দলের পরামর্শদাতা সংস্থার সঙ্গে সমান্তরাল ভাবে শীর্ষ নেতৃত্ব সরাসরি জেলা নেতৃত্বের সঙ্গে যোগাযোগ রাখতেন। দল পরিচালনায় পূর্ণ নিয়ন্ত্রণ নেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। এবং প্রকাশ্যেই কলকাতা থেকে আসা পর্যবেক্ষকদের কার্যকারিতা নিয়ে প্রশ্ন তুলেছিলেন তিনি। শুধু তাই নয়, এই ব্যবস্থায় সংশ্লিষ্টদের মধ্যে 'ব্যক্তিগত স্বার্থের সম্পর্ক' তৈরি হয় বলেও দলে বিভিন্ন সময়ে আলোচনা হয়েছে। তবে তার পরও মলয় ঘটক, ফিরহাদ হাকিম, অরূপ বিশ্বাসের মতো দু'তিন জন নেতা কয়েকটি জেলার সঙ্গে সমন্বয়ের দায়িত্ব পালন করে চলেছেন। একুশে জুলাই-এর সভায় অভিষেকের 'নবীন-প্রবীণ' সমন্বয়ের ঘোষণা দলে পর্যবেক্ষক ব্যবস্থা নিয়ে চর্চা বাড়িয়ে দিয়েছে।

## সম্পাদকীয়

### ফের গ্রেফতার বাংলাদেশি নাগরিক

ফের গ্রেফতার বাংলাদেশি নাগরিক। গত কয়েক দিনে ত্রিপুরায় একাধিক বাংলাদেশি অনুপ্রবেশকারী গ্রেফতার হয়েছেন। এ বার ত্রিপুরার চারিপাড়া এলাকা থেকে এক মহিলাকে গ্রেফতার করেছে পুলিশ। বছর ছত্রিশের ধৃত খাদিজা বেগম বাংলাদেশের ব্রাহ্মণবাড়িয়া জেলার বাসিন্দা। বাংলাদেশের এই জেলাটির পূর্ব সীমান্তেই রয়েছে ত্রিপুরা।সংবাদ সংস্থা এএনআই সূত্রে খবর, সীমান্তের ওপার থেকে সম্ভব্য মানবপাচারের খবর পেয়েছিলেন পুলিশকর্মীরা। সেই সূত্র ধরেই বৃহস্পতিবার আগরতলা স্টেশনে অভিযান চালানো হয়েছিল। সেখানে ওই ১০ জনের গতিবিধি দেখে সন্দেহ হয়েছিল পুলিশের। প্রাথমিক জিজ্ঞাসাবাদের পর সন্তুষ্ট না হওয়ায় তাঁদের গ্রেফতার করেছিল পুলিশ। পরে আদালতে তোলার পর আরও বিশদ তথ্য সংগ্রহের জন্য তাঁদের নিজেদের হেফাজতে নেন তদন্তকারীরা। এরই মধ্যে শনিবার ফের ত্রিপুরায় ধরা পড়লেন এক বাংলাদেশি মহিলা। পুলিশের সন্দেহ, ওই মহিলা মানবপাচারের কারবারের সঙ্গে জড়িত।শনিবার চারিপাড়ার রেল পুলিশ, আমতলি থানা ও সীমান্তরক্ষী বাহিনীর এক যৌথ অভিযানে পাকড়াও করা হয়েছে ওই মহিলাকে। সংবাদ সংস্থা এএনআই-তে প্রকাশ, ওই মহিলা মানবপাচারের সঙ্গে জড়িত বলে সন্দেহ করছে পুলিশ।

গত রবিবার থেকে এখনও পর্যন্ত অন্তত ৩২ জন বাংলাদেশিকে গ্রেফতার করা হয়েছে। গত রবিবার এক সঙ্গে ২৩ জন বাংলাদেশিকে গ্রেফতার করা হয়েছিল আগরতলা স্টেশন চত্বর থেকে। তাঁদের বেশিরভাগেরই বয়স ছিল ত্রিশের নীচে। এর পর তিন দিন আগেই গত বৃহস্পতিবার আগরতলা স্টেশন চত্বর থেকে ফের আট বাংলাদেশি-সহ ১০ জনকে গ্রেফতার করা হয়েছিল। পর পর এই ঘটনাগুলির মধ্যে কোনও যোগ রয়েছে কি না, তার উত্তর খোঁজার চেষ্টা করছেন পুলিশকর্মীরা।

## সুন্দরবনবাসির রক্ষাকর্তা বনের মা বনবিবি দেবী



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সেই আকস্মিকতার ঘোর কাটাতেই ব্যাঘ্র সম্পর্কিত একটি লোককাহিনি বনবিবি দেবীর উত্থান বলে মনে করা হয়। কাহিনীটি হল, ভয়ানক হিংস্র ও পরাক্রমশালী জঙ্গলের রাজা বাঘ, তার নিজস্ব গরিমার জন্য চিরকাল সবার সমীহ আদায় করে এসেছে। ভয় মিশ্রিত শ্রদ্ধার জন্য হয়তো প্রাচীন কাল থেকে মানুষ বাঘকে পুজো করে এসেছে। বর্তমানে সুন্দরবন বাসীরা বাঘকে পূজা করেনা, বনবিবি দেবীকেই তারা পূজা করেন। মহেঞ্জোদারো ও হরপ্পার ধ্বংসাবশেষে তার নিদর্শন মেলে। বঙ্গদেশে অনেক জায়গায় বাঘকে পুজো করা হয়। ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।


# মুনি ঋষিদের বংশধর বাংলার সাধক বামাক্ষ্যাপা



মৃত্যুঞ্জয় সরদার

(দ্বিতীয় পর্ব)

(Teutons) ডাচ এবং ডিউটস্চল্যান্ড (Deutschland) এ নামগুলো দেয়া হয়েছে 'দৈত্য' শব্দ থেকে । এ থেকে দৈত্যদের অবস্থান যে একসময় ছিল তার প্রমাণ মেলে । ব্রহ্মার আরেক পুত্র অত্রি থেকে সোম বা চন্দ্র হয় । চন্দ্রের পুত্র বুদ্ধের পুত্র ছিল পুরুরভ ।এভাবে বংশানুক্রমে আয়ু নহুম এবং পরে যথাতির জন্ম হয় । যথাতির পাঁচ সন্তান ছিল । 'যদু' থেকে বেড়ে উঠে যদুবংশ যেখানে কৃষ্ণ বলরাম আবির্ভূত হয় এবং পুরু থেকে বেড়ে উঠে পুরুবংশ (যে বংশে কৌরব এবং পান্ডবরা জন্মেছিল) যারা হল ভীষ্ম, ধৃতরাষ্ট্র, অর্জুন, যুদিষ্টির, ভীম, দূর্যোধন এবং মহারাজ পরিক্ষিত জন্ম নেয় । পুরু তখন বর্তমান মিশর স্থানটি পেয়েছিলেন তার রাজ্যের শাসনভার হিসেবে । পুরুর



পুত্র ছিল প্রভির এবং প্রভিরের পুত্র ছিল মানুষ্য (Manasyu) যাকে মেনেস নামে ডাকা হত । যিনি পশ্চিমা ইতিহাসবিদদের মতে মিশরের প্রথম বংশের প্রতিষ্ঠাতা । পুরুর বংশ এভাবে ফারাও রাজা পর্যন্ত অতিবাহিত হয়েছিল ।মিশরকে অজপতি নামে নামকরন করা হয় । এই অজ জাতের পুত্র ছিল অজপতি । অপরদিকে অজ ছিল ভগবান শ্রী রামচন্দ্রের পিতামহ রামচন্দ্র আবির্ভূত হয়ছিল সূর্যবংশে, সূর্যদেবের আরেক নাম রবি । 'র' তখন মিশরে সূর্য বংশের একটি শাখার অন্তর্গত ছিলেন । সেখানকার রাজা হলেন রামেস । যেটি রাম-ইস ভগবান শ্রী রামচন্দ্র থেকেই নামকরণকৃত । পান্ডব পরিবারবর্গও একসময় মিশর এবং ইউরোপে এসেছিল যা এখন সাগরে নিমজ্জিত হয় । এভাবে পিরামিডের গায়ে বৈদিক সংস্কৃতির ছোঁয়া এখনও দেখতে পাওয়া যায় তার বিবরণ আমি পরবর্তী পোষ্টে দিব ।পরবর্তীতে তারা বর্তমানের ইসরাইলে গমন করে । যেটিকে বিশ্লেষন করলে দাঁড়ায় ইশ্বরাভলয় (ভূমি) তার অর্থ ইশ্বরের বাসস্থান । সুতরাং ইসরাইল ও তখন বৈদিক সংস্কৃতির সুরে নামকরণকৃত হয়েছিল ।

যযাতির তিনজন পুত্র বর্তমান ভারতের বাইরে যে দুটি রাজ্য পেয়েছিল সেগুলো হল তুর্কি এবং তুর্বাসা । যবনরা পেয়েছিল তুর্কি এবং তুর্বাসা পেয়েছিল ফার্সিয়া ইত্যাদি । মহাভারত অনুসারে (আদিপর্ব ৮৫.৩৪) তুর্বাসা দুর্যোধনের হয়ে কুরুক্ষেত্রে যুদ্ধ করেছিল ।অপরদিকে অনু পেয়েছিল গ্রীক এবং ইতালী । পরশুরামের বংশদূতরাও একসময় মিশরের রাজা ছিলেন । পরশুরাম ও যদু বংশজাত যাদের কিছু ইউরোপ এবং এশিয়াতেও এসেছিল । এর পরবর্তীতে বৈদিক সংস্কৃতির প্রধান নীতি বর্ণাশ্রম ধর্ম বিভিন্ন কারনে

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

২ পাতার পর

# নয়াদিল্লিতে ৩২তম আন্তর্জাতিক কৃষি অর্থনীতিবিদ সম্মেলনের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

বৈচির্ত্য সব সময়েই দেশের খাদ্য নিরাপত্তার পক্ষে একান্ত জরুরি একটি বিষয়। ভারতের এই অনুপম বৈশিষ্ট্যের ফলে আমাদের দেশ বিশ্বের কাছে কৃষি উৎপাদনের ক্ষেত্রে এক আলোকবর্তিকা বিশেষ বললেও অত্যুক্তি হয় না।

প্রধানমন্ত্রী বলেন, ভারতে এর আগে শেষ আন্তর্জাতিক কৃষি অর্থনীতিবিদ সম্মেলনটি অনুষ্ঠিত হয়েছিল ৬৫ বছর আগে। ভারত তখন ছিল একেবারে নতুন স্বাধীনতা প্রাপ্ত একটি দেশ। সুতরাং ওই সময়টি ছিল ভারতের কৃষি ও খাদ্য নিরাপত্তার পক্ষে সমস্যাবহুল একটি সময়কাল। কিন্তু বর্তমানে খাদ্যোৎপাদনের দিক দিয়ে ভারত অনেকটাই এগিয়ে গেছে। শুধু তাই নয়, অনেক সময়েই আমাদের খাদ্যশস্য উদ্বৃত্ত থেকে যায়। এছাড়াও দুধ, ডাল, মশলা ইত্যাদি উৎপাদনের দিক থেকেও ভারত রয়েছে প্রথম সারিতে। খাদ্যশস্য, ফলমূল, শাকসবজি, তুলো, চা, চিনি এবং মৎস্যচাষের দিক থেকেও ভারত বিশ্বের দ্বিতীয় বৃহত্তম উৎপাদক দেশ হিসেবে এক বিশেষ আসন দখল করে রয়েছে। ভারতে এক সময় খাদ্য নিরাপত্তার বিষয়টি ছিল যথেষ্ট উদ্বেগজনক। কিন্তু বর্তমানে সেই প্রতিকূল অবস্থা কাটিয়ে উঠে ভারতই বরং বিশ্বের অন্যান্য দেশকে খাদ্য ও পুষ্টি নিরাপত্তার সঠিক পথ দেখাতে পেরেছে। এই কারণে খাদ্য ব্যবস্থার রূপান্তর প্রচেষ্টা সম্পর্কে আলোচনাকালে ভারতের অভিজ্ঞতা বিনিময়ের বিষয়টি যথেষ্ট মূল্যবান ও গুরুত্বপূর্ণ। 'বিশ্ববন্ধু' হিসেবে বিশ্ব কল্যাণে ভারত যে অঙ্গীকারবদ্ধ, একথাও এদিন স্মরণ করিয়ে দিয়েছেন প্রধানমন্ত্রী। বিশ্ব কল্যাণের লক্ষ্যে ভারতের অবস্থান ও দৃষ্টিভঙ্গীর কথা উল্লেখ করে তিনি বলেন, ভারত সর্বদাই বিশ্বাস করে যে আমাদের রয়েছে 'একটিমাত্র পৃথিবী, আমরা সকলে একই পরিবারভুক্ত এবং আমাদের সকলেরই ভবিষ্যৎ হল এক ও অভিন্ন'। ভারতের 'মিশন লাইফ' এবং 'একটিই বিশ্ব সংসার, একই সার্বিক স্বাস্থ্য ব্যবস্থা'-এই দুটি কর্মসূচির কথাও এদিন প্রসঙ্গত উল্লেখ করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, এই কারণে নিরন্তর কৃষি ও খাদ্য ব্যবস্থার চ্যালেঞ্জগুলির মোকাবিলায় ভারতের 'এক অভিন্ন বিশ্ব, এক অভিন্ন পরিবার এবং এক অভিন্ন ভবিষ্যৎ'-এই আদর্শ ও দৃষ্টিভঙ্গী নিয়ে আমাদের এগিয়ে চলতে হবে।

শ্রী মোদী বলেন, ভারতের অর্থনৈতিক সমৃদ্ধির লক্ষ্যে যে সমস্ত নীতি রচিত হয়েছে তার কেন্দ্রবিন্দুতে রয়েছে কৃষি তথা কৃষি ব্যবস্থা। ভারতের ৯০ শতাংশেরও বেশি ক্ষুদ্র কৃষকরাই হলেন খাদ্য নিরাপত্তার দিক থেকে ভারতের বৃহত্তম শক্তি। এশিয়ার আরও কয়েকটি উন্নয়নশীল দেশে ভারতের এই কৃষি নীতিকে অনুসরণ করা হচ্ছে। প্রাকৃতিক কৃষি পদ্ধতির দৃষ্টান্ত তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন যে রাসায়নিকমুক্ত প্রাকৃতিক কৃষি পদ্ধতির ইতিবাচক ফল আমরা ইতিমধ্যেই লক্ষ্য করেছি। তাই, বর্তমান বছরের বাজেটে নিরন্তর এবং সকল রকমের জলবায়ু সহনশীল কৃষি ব্যবস্থার ওপর আমরা গুরুত্ব আরোপ করেছি। যে কোনরকম আবহাওয়ায় শস্যের ফলন যাতে সম্ভব হয়, তা নিশ্চিত করতে আমরা জোর দিয়েছি গবেষণা ও উন্নয়ন প্রচেষ্টার ওপর। গত ১০ বছরে ১৯টিরও বেশি এমন খাদ্যশস্যের বীজ কৃষকদের কাছে হস্তান্তর করা হয়েছে যেগুলির সাহায্যে যে কোন ধরনের আবহাওয়াতেই ফলন উৎপাদন সম্ভব। যেমন ভারতে এমন বেশ কিছু প্রজাতির ধান রয়েছে যার উৎপাদনে অন্যান্য প্রজাতির ধানের তুলনায় জলের প্রয়োজন পড়ে প্রায় ২৫ শতাংশ কম। এইভাবেই আমরা উৎপাদন করতে পেরেছি 'ব্ল্যাক রাইস' যা ইতিমধ্যেই 'সুপার ফুড'-এর তকমা লাভ করেছে। মণিপুর, আসাম এবং মেঘালয়ে উৎপাদিত ব্ল্যাক রাইস ভেষজ গুণসম্পন্ন হওয়ায় ক্রমশই জনপ্রিয় হয়ে উঠেছে। এই কারণেই ভারত তার কৃষি অভিজ্ঞতা বিশ্বের অন্যান্য দেশের সঙ্গে বিনিময় করতে সর্বদাই আগ্রহী। ভারতীয় কৃষি ব্যবস্থায় যেভাবে আধুনিক প্রযুক্তির প্রয়োগ সফল হয়ে উঠেছে, সে সম্পর্কেও প্রধানমন্ত্রী বিশ্ব প্রতিনিধিদের আজ অবহিত করেন। দৃষ্টান্তস্বরূপ, মাটির স্বাস্থ্য পরীক্ষা সম্পর্কিত কার্ড, সৌরশক্তির সাহায্যে কৃষি পদ্ধতি, ডিজিটাল কৃষি বিপণন ব্যবস্থা, কিষাণ ক্রেডিট কার্ড এবং প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনার কথা উল্লেখ করেন তিনি। প্রধানমন্ত্রী জানান যে গত ১০ বছরে দেশের ৯০ লক্ষ হেক্টর জমিকে ক্ষুদ্র সেচ প্রকল্পের আওতায় নিয়ে আসা হয়েছে। প্রসঙ্গত, ইথানল ব্যবহারের মাধ্যমে দেশের কৃষি পরিবেশ যেভাবে উন্নত হয়ে উঠেছে, তাও এক দৃষ্টান্ত বলে তুলে ধরেন প্রধানমন্ত্রী।

ভারতের কৃষি ব্যবস্থায় ডিজিটাল প্রযুক্তির প্রয়োগ সম্পর্কে আরও বিস্তারিতভাবে ব্যাখ্যা করতে গিয়ে প্রধানমন্ত্রী উল্লেখ করেন 'প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি'র কথা। তিনি বলেন, এই কর্মসূচির আওতায় ১০ কোটি কৃষকের ব্যাঙ্ক অ্যাকাউন্টে অর্থ হস্তান্তর সম্ভব হয়েছে। ডিজিটাল পদ্ধতিতে বিভিন্ন ধরনের শস্য সম্পর্কে সমীক্ষা চালানোর লক্ষ্যে গড়ে তোলা হয়েছে সরকারি ডিজিটাল পরিকাঠামো। এর মাধ্যমে কৃষকদের কৃষি সম্পর্কিত বিভিন্ন বিষয়ে তাৎক্ষণিকভাবে তথ্যের যোগান দেওয়া সম্ভব। ফলে, ভারতের কোটি কোটি কৃষিজীবী মানুষ তাঁদের অর্থনৈতিক অবস্থা আরও উন্নত করতে পেরেছেন। পরিশেষে প্রধানমন্ত্রী বলেন যে আজকের এই সম্মেলনে আমরা একদিকে যেমন একে অন্যের কাছে জ্ঞান ও শিক্ষালাভ করব, অন্যদিকে তেমনই পরস্পরকে বিভিন্ন বিষয় সম্পর্কে জানতে ও বুঝতে সাহায্য করব। আজকের অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কৃষি ও কৃষককল্যাণ মন্ত্রী শ্রী শিবরাজ সিং চৌহান, নীতি আয়োগের সদস্য অধ্যাপক রমেশ চাঁদ, সম্মেলনের সভাপতি অধ্যাপক মাটিন কোয়েম এবং আইসিএআর-এর সেক্রেটারি তথা ডিজি ডঃ হিমাংশু পাঠক।

# সিনেমার খবর

## অক্ষয়কে বিয়ের আগে টুইঙ্কলকে সাবধান করেছিলেন রাজেশ খান্না



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ২৩ বছরের দাম্পত্য জীবন অক্ষয় কুমার-টুইঙ্কল খান্নার। ভালো খারাপ মিলেই চলছে তাদের সংসার। নানা সময় একাধিক অভিনেত্রীর সঙ্গে নাম জড়িয়েছে অক্ষয়ের। তবে যে কোনো পরিস্থিতি বুদ্ধিমত্তার সঙ্গে যিনি সামাল দিয়েছেন, তিনি অক্ষয়-পত্নী টুইঙ্কল।

অক্ষয়ের সঙ্গে ঘর বাঁধার পর অভিনয় ছাড়েন টুইঙ্কল। বর্তমানে লেখিকা হিসেবে প্রতিষ্ঠিত তিনি। জামাই হিসাবে নাকি মোটেই অক্ষয়কে পছন্দ ছিল না টুইঙ্কলের বাবা রাজেশ খান্নার। অক্ষয় ও টুইঙ্কল যখন বিয়ের সিদ্ধান্ত নিয়েছিলেন সেই সময় জামাইকে নিয়ে সন্দিহান ছিলেন রাজেশ। মেয়েকে যেমন সাবধান করেছিলেন, তেমনই শক্ত হাতে হাল ধরার উপদেশ দিয়েছিলেন। ফিল্মফেয়ার শুটে টুইঙ্কলের সঙ্গে অক্ষয়ের প্রথম পরিচয়। তখন থেকেই তিনি টুইঙ্কলের মন জয় করার চেষ্টা করতে থাকেন। বহু চেষ্টার পর বাজি মাত করেন অক্ষয়। অবশেষে 'খিলাড়ি' কে বিয়ে করতে রাজি হন টুইঙ্কল। তবে জামাইকে নিয়ে রাজেশের সন্দেহ ছিল, এই ছেলে নাকি বড্ড নয়-ছয় করে। রাজেশ খান্না এক সাক্ষাৎকারে বলেছিলেন, 'এ কখন যে কী করে বুঝি না। এই ছেলে বড্ড নয়-ছয় করে।'

তবে মেয়ের পছন্দ বলে কথা! বিয়ের সময় টুইঙ্কলকে বাবা হিসাবে উপদেশ দিয়েছিলেন, শক্ত হাতে হাল ধরতে। নয়তো হাত ফস্কে বেরিয়ে যেতে পারে। অক্ষয়ের সঙ্গে সম্পর্ক নিয়ে মা ডিম্পল কাপাডিয়ার থেকেও বেশ কিছু পরামর্শ পেয়েছেন টুইঙ্কল। অক্ষয় যখন টুইঙ্কলকে বিয়ের প্রস্তাব দিয়েছিলেন, মা হিসাবে একটি বিশেষ পরামর্শ দিয়েছিলেন ডিম্পল। টুইঙ্কল এক সাক্ষাৎকারে জানিয়েছিলেন, অক্ষয় তাকে বিয়ের প্রস্তাব দেয়ার পরেই ডিম্পল বলেছিলেন, এই ভাবে হবে না। আগে দু'বছর একসঙ্গে থাকো তোমরা। যদি দেখ মানিয়ে নিতে পারছ, তবেই বিয়ে করবে।



## কিছুতেই ক্ষমা চাইব না; কেন বললেন তাপসী?



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউড অভিনেত্রী তাপসী পান্নুকে অনেক সময়ই দ্বিতীয় জয়া বচ্চন বলা হয়ে থাকে। কারণ, দু'জনেই পাপারাজ্জিদের দেখলেই একইরকম ব্যবহার করেন। কারও সঙ্গেই ঠিকমতো কথা বলেন না। যে কারণে তিনি প্রায়শই সমালোচিত হন। এবার এই অভিনেত্রী নিজেই জানিয়েছেন কেন পাপারাৎজিদের সঙ্গে তার এমন সম্পর্ক। তার বক্তব্য, ফটোগ্রাফাররা তাদের নিজস্ব সুবিধার জন্য অভিনেত্রীর বক্তব্য এবং ভিডিওর অপব্যবহার করে। সম্প্রতি এক সাক্ষাৎকারে এ তাপসী পান্নু বলেন, 'পাপারাজ্জিরা খুব ভালো করেই জানে যখন তারা অভিনেত্রীর খুব কাছে আসে বা তাকে চিৎকার করে বা তার গাড়ি তাড়া করে তখন কী সমস্যার মধ্যে পড়তে হয়। কোন কিছুর জন্য ক্ষমা চাইতে চাই না।'

অভিনেত্রী বলেন, 'ওরা ছবি তুললেও, আমার কোন লাভ হয় না। আমার চলচ্চিত্রের জন্যও খুব একটা উপকার করেন না তারা। তাই তথাকথিত মিডিয়ার একাংশকে খুশি করার দরকার নেই। আমি তাদের সরাসরি মিডিয়া হাউজও বলি না। কারণ, তারা তাদের উদ্দেশ্যপূর্ণ করছে, যে কেউ তাদের পোর্টালের জন্য নানা ছবি তোলেন।'

## রূপালী পর্দায় ফিরছেন ইয়ামি গৌতম



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চলতি বছর মে মাসে মা হয়েছেন বলিউড অভিনেত্রী ইয়ামি গৌতম। মাতৃত্বজনিত কারণে এক বছর বিরতির পর স্বামী আদিত্য ধরের নতুন সিনেমা দিয়ে আবারও রূপালী পর্দায় ফিরছেন এই অভিনেত্রী।

তার স্বামী বলিউড পরিচালক-প্রযোজক আদিত্য ধর সম্প্রতি তার নতুন ছবি 'ধুরন্দর' নির্মাণের ঘোষণা দিয়েছেন। অ্যাকশন থ্রিলার ঘরানার এই সিনেমার অন্যতম প্রধান নারী চরিত্রে অভিনয় করবেন ইয়ামি। পরিচালক জানিয়েছেন সিনেমাটিতে আরও অভিনয় করবেন বলিউডের শক্তিশালী পাঁচ অভিনেতা রণবীর সিং, সঞ্জয় দত্ত, আর মাধবন, অর্জুন রামপাল ও অক্ষয় খান্না।

ভারতীয় গণমাধ্যম সূত্রে জানা গেছে, 'ধুরন্দর' সিনেমায় একজন গোয়েন্দার ভূমিকায় দেখা যাবে রণবীর সিংকে। তার সহযোগী হিসেবে থাকবেন ইয়ামি। পাকিস্তানে একটি গোপন অভিযানে তারা অংশ নেবে। আর সেখানেই খলনায়ক রূপে দেখা মিলবে সঞ্জয় দত্তের। আসছে সেপ্টেম্বরের শুরুতেই সিনেমাটির দৃশ্য ধারণ হওয়ার কথা রয়েছে। ভারত, পাকিস্তান ছাড়াও একাধিক দেশে শুটিং চলবে বলে পরিচালক জানিয়েছেন। আগামী বছর মুক্তি পাবে ছবিটি।

২০১২ সালে সুজিত সরকারের 'ভিকি ডোনার' ছবির মাধ্যমে বলিউডে পা রাখেন ইয়ামি গৌতম। এই সিনেমায় আয়ুষ্মান খোরানার বিপরীতে দেখা গিয়েছিল তাকে। মুক্তির পরে দর্শক ও সমালোচকদের প্রশংসাও অর্জন করেছিল ওই ছবি। বক্স অফিসে ব্যবসার নিরিখেও ভালো ফল করেছিল সুজিত সরকার পরিচালিত ছবিটি। তারপর গত ১১ বছরে একাধিক বলিউড ছবিতে কাজ করেছেন ইয়ামি। 'বদলাপুর', 'বালা', 'কাবিল', 'সরকার ৩'-এর মতো ছবিতে দেখা গেছে তাকে।

## ফের অসুস্থ শাহরুখ খান, চিকিৎসা নিতে উড়ে যাচ্ছেন আমেরিকায়



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** আবারও মেডিক্যাল ইমারজেন্সি হয়েছে বলিউড বাদশাহ শাহরুখ খানের! গত মে মাসে হিট স্ট্রোকে আক্রান্ত হয়েছিলেন। এবার চোখের সমস্যায় ভুগছেন কিং খান। জানা গেছে, মুম্বাইতে চোখের চিকিৎসা আশানুরূপ হয়নি! এবার সুস্থ হতে তড়িঘড়ি আমেরিকায় ছুটছেন শাহরুখ খান।

কী হয়েছে শাহরুখ খানের চোখে?

স্থানীয় গণমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, আজ মঙ্গলবারই (৩০ জুলাই) শাহরুখ খান আমেরিকায় উড়ে যাচ্ছেন। সূত্র জানিয়েছে, শাহরুখ খান সম্প্রতি মুম্বাইয়ের একটি হাসপাতালে গিয়েছিলেন। সোমবার (২৯ জুলাই) চোখ দেখাতে এই হাসপাতালে যান তিনি। কিন্তু যেমনটা ভাবা হয়েছিল তেমনটা হয়নি। তাই তার চোখে যে ক্ষতিটা হয়েছে সেটা ঠিক করতে তড়িঘড়ি তিনি আমেরিকায় উড়ে যাচ্ছেন। কিন্তু বাদশার চোখে ঠিক কী সমস্যা হয়েছে বা তিনি কীসের চিকিৎসা করছেন সেটা জানানো হয়নি ওই প্রতিবেদনে।

মাত্র কয়েক মাস আগেই হিট স্ট্রোক হয় শাহরুখ খানের। মে মাসের শেষ দিকে কোয়ালিফায়ার ১ এ যখন কেকেআর সানরাইজার্স হায়দরাবাদের মুখোমুখি হয়, সেদিন রাতেই আচমকা অসুস্থ হয়ে পড়েন কিং খান। গুজরাটের নরেন্দ্র মোদি স্টেডিয়ামে ম্যাচের পরদিনই তাকে সেখানকার একটি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেই কেডি হাসপাতালের পক্ষ থেকে জানানো হয় শাহরুখের হিট স্ট্রোক হয়েছে। তবে বাড়াবাড়ি কিছু নয়। মাত্র একদিনের মধ্যেই তাকে ছুটি দিয়ে দেওয়া হয় তখন। এমনকি কদিন পরই ফাইনালে দলকে সমর্থন করতে মাঠে হাজির হয়েছিলেন তিনি। জানা গিয়েছিল, ডিহাইড্রেশন হয়েই তিনি অসুস্থ হয়ে পড়েন। সেই সময় তার পাশে থেকেছিলেন স্ত্রী গৌরী খান এবং তার বন্ধু জুহি চাওলা এবং তার স্বামী।

প্রসঙ্গত, শাহরুখ খানকে আগামীতে কিং ছবিতে দেখা যাবে। সুজয় ঘোষ এই ছবিটির পরিচালনা করছেন। এখানে একজন ডনের চরিত্রে ধরা দেবেন তিনি। থাকবেন তার মেয়ে সুহানা খানও। শেষবার শাহরুখ খানকে তাপসী পান্নুর সঙ্গে ডাঙ্কি ছবিতে দেখা গিয়েছিল।

## প্রেম ভাঙার গুঞ্জনের পরই একসাথে প্রকাশ্যে হৃত্বিক-সাবা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউড অভিনেতা হৃত্বিক রোশন গত তিন বছর ধরে গায়িকা ও অভিনেত্রী সাবা আজাদের সঙ্গে প্রেম করছেন। তারা বিভিন্ন পার্টিতে একসঙ্গে যান, বিদেশেও ঘোরেন চুটিয়ে। তবে সম্প্রতি হৃত্বিক-সাবার বিচ্ছেদের গুঞ্জন শোনা যাচ্ছে। তাদের নিয়ে জলছে নানান জল্পনা।

সাবা আজাদকে ছাড়াই আম্বানির বিয়েতে হাজির হয়েছিলেন হৃত্বিক রোশন, যা ব্রেকআপের গুজবকে উস্কে দিয়েছিল। এমনকি ফারাহ খানের মায়ের শেষযাত্রায় হৃত্বিক একাই গিয়েছিলেন। কিন্তু সাবার সঙ্গে সম্পর্কে জড়ানোর পর কখনো কোনও অনুষ্ঠানের সাবা ছাড়া হৃত্বিককে দেখা যায়নি। তাই নেটিজেনরা বলছিলেন বিচ্ছেদ হয়েছে তাদের। যদিও এ বিষয়ে নীরব ছিলেন তারা। বিটাউনে যখন প্রেমের সম্পর্কের বিচ্ছেদের গুঞ্জন চলছে, তখন একসঙ্গে দেখা যায় হৃত্বিক-সাবার। রবিবার রাতে একসঙ্গে সিনেমা দেখতে যান এই যুগল। 'ডেডপুল অ্যান্ড উলভারিন' দেখার জন্য একটি মাল্টিপ্লেক্সে হাজির হন তারা, সেখানেই পাপারাৎজিদের ক্যামেরায় বন্দি হন এই জুটি। এই সময়ে হাত ধরে ছিলেন তারা। তাদের সিনেমা দেখতে যাওয়ার সময়ের ভিডিও ভাইরাল হয় সামাজিক যোগাযোগমাধ্যমে। ভিডিওতে সাবাকে হৃতিকের হাত ধরে রাখতে দেখা গেছে। তাদের মুখে ছিল মাস্ক। দুজন কিছু না বললেও সম্পর্ক যে অটুট আছে সে বিষয়টা স্পষ্ট জানিয়েদিছেন বলিউডের এই জুটি। তাদের ভিডিও শেয়ার করে একজন রেডডিটর বলেছেন, "সাবা হৃতিক খুব একসঙ্গে আছেন। কোনো ব্রেক আপ হয়নি।" ক্লিপে হৃতিকের হাত ধরেছিলেন সাবা। তাদের ভিডিও দেখে অনেকেই প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন। একজন রেডডিটর বলেছেন, "কেন যতবার গুজব ওঠে, পরের দিন দম্পতিরা প্যাপ হয়ে যায়..." অন্য একজন মন্তব্য করেছেন, "তাই আমরা তাদের সম্পর্কে কথা বলার পরে তারা উপস্থিত হয়..."

# এনজো ফার্নান্দেজের বিরুদ্ধে ব্যবস্থা নেবে না চেলসি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বর্ণবাদী আচরণের দায়ে অভিযুক্ত এনজো ফার্নান্দেজের বিরুদ্ধে কোনো ধরনের শাস্তিমূলক ব্যবস্থা নেবে না চেলসি। এ ব্যাপারে কোচ এনজো মারেসকা জানিয়েছেন, সব খেলোয়াড় এনজোকে মেনে নিয়েছেন। যে কারণে সব সমস্যা মিটে গেছে। এর আগে নিজের কৃতকর্মের জন্য চেলসির কাছে বেশ কয়েকবার ক্ষমা চেয়েছেন আর্জেন্টাইন মিডফিল্ডার এনজো।

গত ১৪ জুলাই কলম্বিয়াকে হারিয়ে কোপা আমেরিকার শিরোপা জয় উদযাপনের সময় টিমবাসে সতীর্থদের নিয়ে গান করছিলেন এনজো ফার্নান্দেজ। সেই ভিডিও তিনি ইনস্টাগ্রামেও পোস্ট করেন। গানের ছলে আর্জেন্টাইন এই তারকা ফ্রান্সের কৃষ্ণাঙ্গ ফুটবলারদের উদ্দেশে বর্ণবাদী আচরণ করেছেন বলে অভিযোগ উঠেছিল।

এনজোর বিরুদ্ধে অভিযোগ তুলে পাল্টা একটি ভিডিও পোস্ট করেন চেলসিতে তার সতীর্থ ওয়েসলি ফোফানা। সেখানে এনজোর এই কাজকে কুণ্ঠাহীন বর্ণবাদী বলে উল্লেখ করেন তিনি। পরে ঘটনাটি নিয়ে তদন্তের কথা জানায় চেলসি কর্তৃপক্ষ। বিবিসি জানায়, দলীয় শৃঙ্খলা ফেরাতে তদন্তের সিদ্ধান্ত নিয়েছিল চেলসি। এখন সেগুলো শেষ হয়েছে। এনজোর বিরুদ্ধে কোনো ব্যবস্থা না নেওয়ার সিদ্ধান্ত হয়েছে।

চেলসি কোচ মারেকসা বলেন, আমরা সবাই খুব আরামদায়ক এবং ভালো বোধ করছি। এনজো ফার্নান্দেজ ফিরে এসেছে। সে আমাদের সঙ্গে কথা বলেছে। বিষয়টি স্পষ্ট করেছে যে, তার কোনো খারাপ উদ্দেশ্য ছিল না। আমি এনজো এবং অন্য কয়েকজন খেলোয়াড় নিয়ে বৈঠক হয়েছিল। পরিস্থিতি পরিষ্কার করার জন্য ওয়েস (ওয়েসলি) সেখানে ছিল। এর পিছনে কোনো রহস্য নেই। আমরা সবাই ভুল করি এবং মাঝে মাঝে ক্ষমা চাইতে হয়। এনজো চার বা পাঁচবার ক্ষমা চেয়েছিল। ছেলেরা ইতিমধ্যে এটা গ্রহণ করেছে।

গতকালের বৈঠক এবং গত রাতের পর থেকে সবকিছু আগের মতোই ছিল। তারা সবাই একসঙ্গে ছিল। কথা বলা এবং হাসছিল মিলিয়ে একটি স্বাভাবিক পরিস্থিতি বিরাজ করছিল। আমি যা আশা করেছিলাম ঠিক তাই ছিল। কারণ, আমি জানি কোনো খারাপ উদ্দেশ্য নেই এবং তারা সবাই ভালো মানুষ।

বর্তমানে ক্লাব ফ্রেন্ডলি ম্যাচ খেলার জন্য যুক্তরাষ্ট্রে রয়েছে চেলসি। গতকাল দলের সঙ্গে যোগ দিতে সেখানে গিয়েছেন এনজোও। এরপর বিষয়টি নিয়ে সতীর্থদের মিমাংসায় বসেন আর্জেন্টিনার ২৩ বছর বয়সী এই তারকা।

# ভবিষ্যৎ নিয়ে চিন্তা করি না; কেন বললেন শাহিন আফ্রিদি?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গত বিশ্বকাপে বাবর আজমের নেতৃত্বেই অংশ নেয় পাকিস্তান। শাহিনকে সরিয়ে বাবরকে নেতৃত্বে আনার পরই সমালোচনা তুঙ্গে ওঠে। দলটির মধ্যে ফাটল ধররার গুঞ্জনও শোনা যায়। যার প্‌ভাব পড়েছিলো বিশ্বকাপেও।

এখনও এ নিয়ে পাকিস্তান ক্রিকেটে তোলপাড়। এরই পরিপ্রেক্ষিতে নেতৃত্বের বিষয় নিয়ে মিডিয়ার সামনে কথা বলেছেন শাহিন শাহ আফ্রিদি। করাচিতে আজ এক সংবাদ সম্মেলনে আফ্রিদি বোঝানোর চেষ্টা করেন, তিনি নেতৃত্বের জন্য নয়, ক্রিকেট খেলেন দলকে জয় এনে দেয়ার লক্ষ্যেই। একই সঙ্গে জানিয়ে দেন, নেতৃত্ব দেয়া না দেয়ার বিষয়টা তার নিজের এখতিয়ারে নেই। এটা পুরোটা বোর্ডের নিয়ন্ত্রণে।

আফ্রিদি বলেন, 'আমার কাছ প্রথম এবং সর্বাবস্থায় পাকিস্তান দেশটা অগ্রাধিকারপ্রাপ্ত। এরপর দল এবং সবার শেষে আমি নিজে। আর আমি কখনোই অতীত নিয়ে চিন্তা করতে পছন্দ করি না। আমার কাজ সব সময়ই বর্তমান নিয়ে। এমনকি ভবিষ্যৎ নিয়েও আমি চিন্তা করি না। আপনার বর্তমান যদি ভালো থাকে, তাহলে ভবিষ্যৎ নিয়ে আপনি ভালো প্রস্তুতি নিতে পারবেন।'

অধিনায়কত্ব নিয়ে আফ্রিদি বলেন, 'অধিনাকত্বের বিষয়টা আমার হাতে নেই। আমি কখনোই অধিনায়কত্বের জন্য খেলি না। আমি পাকিস্তানের জন্য খেলতে চাই। আমি এটা সম্মান এবং মর্যাদার সঙ্গেই করতে চাই।'

## গর্ভে সাত মাসের সন্তান নিয়ে অলিম্পিকে!




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গর্ভে সাত মাসের সন্তান নিয়ে প্যারিস অলিম্পিকের ফেন্সিং ইভেন্টে লড়লেন মিসরের অ্যাথলেট নাদা হাফেজ। বিষয়টি জানিয়েছেন তিনি নিজেই। প্রতিযোগিতায় প্রথম রাউন্ডের ম্যাচে জিতলেও অবশ্য শেষ ষোলোতে হেরে গেছেন তিনি। এর পরই এক বার্তায় নিজের সন্তানসম্ভবা থাকার বিষয়টি জানিয়েছেন পেশায় মিসরের এ প্যাথলজিস্ট (রোগনির্ণয়বিদ) চিকিৎসক।

এর আগে ২০১৬ ও ২০২০ অলিম্পিকেও অংশ নিয়েছিলেন নাদা। গর্ভে সাত মাসের সন্তান নিয়ে এবার প্যারিস অলিম্পিকে খেলতে নেমে বিশ্বকে তাক লাগিয়ে দিয়েছেন তিনি। প্যারিসের গ্রাঁ পালাইয়ে প্রথম রাউন্ডের ম্যাচে যুক্তরাষ্ট্রের এলিজাবেথ তার্তাকোভস্কিকে ১৫-১৩ পয়েনেট হারিয়ে দারুণভাবে শুরু করেছিলেন নাদা। কিন্তু শেষ ষোলোতে দক্ষিণ কোরিয়ান হা-ইয়াং জিওনের কাছে ১৫-৭ পয়েন্টে হেরে যান তিনি। টুর্নামেন্টের শেষ ষোলোর ম্যাচ শেষে বিদায়বেলায় দর্শকদের করতালিতে সিক্ত হন নাদা।

ম্যাচ শেষ হওয়ার বেশ কিছুক্ষণ পর সমাজমাধ্যম ইনস্টাগ্রামে নাদা লেখেন, 'পোডিয়ামে আপনারা দুজন খেলোয়াড়কে দেখেছেন, আসলে আমরা তিনজন ছিলাম। আমি, আমার প্রতিদ্বন্দ্বী এবং আমার ছোট্ট সন্তান। যে এখনও পৃথিবীতে আসেনি।' তিনি আরও লেখেন, 'শেষ ষোলোতে জায়গা করে নিতে পেরে নিজের দারুণ গর্বের কথা জানাতে পোস্ট লিখছি। এবারের অলিম্পিক আমার জন্য আলাদা। আমি তিনবারের অলিম্পিয়ান, কিন্তু এবার ছোট্ট এক অলিম্পিয়ানকেও সঙ্গে নিয়েছি।'

এরপর স্বামী ও পরিবারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন নাদা, 'আমি সৌভাগ্যবান, আমার সঙ্গী (স্বামী ইবরাহিম ইহাব) ও পরিবারের বিশ্বাস পেয়েছি বলেই এত দূর আসতে পেরেছি।'

# ফুটবল ক্লাব কিনছেন এমবাপে




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ফ্রান্সের বিশ্বকাপজয়ী তারকা কিলিয়ান এমবাপের জীবনে এখন বসন্ত। কিছুদিন আগেই ফরাসি অধিনায়ক স্বপ্নের ক্লাব রিয়াল মাদ্রিদে যোগ দিয়েছেন। এরপর তিনি নতুন প্রেমিকা পেয়েছেন বলেও জোরালো গুঞ্জন আছে। এবার জানা গেল, আস্ত একটা ক্লাবই কিনে ফেলতে যাচ্ছেন ২৫ বছর বয়সী এই ফরোয়ার্ড। দুই কোটি ইউরো খরচ করে ফ্রান্সের দ্বিতীয় স্তরের একটি ফুটবল ক্লাব তিনি কেনার প্রক্রিয়া শুরু করেছেন। ফরাসি সংবাদমাধ্যম লা পারিসিয়ান জানিয়েছে, ফ্রান্সের ক্লাব ফুটবল প্রতিযোগিতায় দ্বিতীয় স্তরের দল কায়েনকে কিনতে দুই কোটি ইউরো খরচ করবেন এমবাপ্পে। তাতে ক্লাবটির ৮০ শতাংশের বেশি শেয়ারের মালিক হতে পারবেন এই ফরোয়ার্ড। বর্তমানে ক্লাবটির সংখ্যাগরিষ্ঠ শেয়ারের মালিক যুক্তরাষ্ট্রের প্রতিষ্ঠান ওয়াকট্রি।

গেল মৌসুমে ফরাসি লিগ ২-তে পয়েন্ট তালিকায় ছয় নম্বরে ছিল কায়েন। ফ্রান্সের তারকা এনগোলো কন্তে এই ক্লাবে ২০১৩ সালে যোগ দিয়েছিলেন। এবারের ইউরোতে দুর্দান্ত খেলা কন্তে এই ক্লাবে দুই মৌসুমে খেলেছেন ৭৫টি ম্যাচ। সেখানে তার গোল ছিল চারটি। কায়েন প্রতিষ্ঠিত হয় ১৯১৩ সালে। অবশ্য মালিক হতে যাওয়া এই ক্লাবেই খেলতে পারতেন এমবাপে নিজেও। তবে ২০১৩ সালে তিনি কায়েনে যোগ না দিয়ে যোগ দেন মোনাকোর একাডেমিতে। সেখানেই খেলেন ২০১৭ সাল পর্যন্ত।

২৫ বছর বয়সী এমবাপ্পে এখন রিয়াল মাদ্রিদের খেলোয়াড়। কয়েক মৌসুমের নাটকীয়তার গত জুনে ফ্রি ট্রান্সফারে পিএসজি থেকে রিয়ালে যোগ দিয়েছেন এই ফরাসি তারকা। কদিন আগে সান্তিয়াগো বার্নাব্যুতে আনুষ্ঠানিকভাবে বরণও করে নেওয়া হয়েছে তাঁকে। এখন অপেক্ষা তাঁর মাঠে নামার। তাঁকে উয়েফা সুপার কাপে রিয়ালের হয়ে প্রথমবার মাঠে নামতে দেখা যেতে পারে। সেটা না হলে তাঁকে লালিগা মৌসুম শুরু হওয়া পর্যন্ত অপেক্ষা করতে হতে পারে। ১৮ আগস্ট মায়োর্কার বিপক্ষে ম্যাচ দিয়ে লালিগা মৌসুম শুরু করবে রিয়াল। কায়েনের হয়ে এমবাপ্পে নিজেও খেলতে পারবেন। ২০১৭ সালে নিজের ক্লাব ফিনিক্স রাইজিংয়ের হয়ে খেলেছিলেন দিদিয়ের দ্রগবা। এমবাপ্পে সে পথে হাঁটবেন কি না, তা সময়ই বলে দেবে।

# অলিম্পিক: ম্যাচ হেরে প্রতারণার অভিযোগ গফের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** যুক্তরাষ্ট্রের প্রথম টেনিস খেলোয়াড় হিসেবে অলিম্পিকের উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় দলের পতাকা বহন করেছিলেন কোকো গফ। তবে সেই আনন্দ ক্ষণস্থায়ী হলো। তৃতীয় রাউন্ডে হেরে কান্নায় কোর্ট ছাড়তে হলো তাকে। সিন নদীর প্যারেড অনুষ্ঠানে বাস্কেটবল কিংবদন্তি লেব্রন জেমসের সঙ্গে যুক্তরাষ্ট্রের পতাকা বহন করেছিলেন গফ। এরপর দুই রাউন্ড ভালোভাবেই জিতে এসেছেন তিনি। কিন্তু তৃতীয় রাউন্ডে গিয়ে ডোনা ভেকিকের কাছে হেরেছেন এই মার্কিন টেনিস তারকা। হারের পর ভেজা চোখে মাঠ ছাড়ার পর আঙুল তুলেছেন আম্পায়ারের বিরুদ্ধে। তার অভিযোগ, তার সঙ্গে প্রতারণা করা হয়েছে।

কোয়ার্টার ফাইনালে ওঠার ম্যাচে আজ কাছে সরাসরি ৭-৬ (৯/৭), ৬-২ গেমে হেরেছেন গফ। বিতর্কিত সিদ্ধান্তের ঘটনাটি ঘটে দ্বিতীয় সেটের ষষ্ঠ গেম চলার সময়। ভেকিকের একটি শটকে আউট বলেন আম্পায়ার। তাতে ঠিকমতো র‍্যাকেট চালাতে পারেননি গফ। কিন্তু চেয়ার আম্পায়ার পরে সিদ্ধান্ত দেন, বল কোর্টের ভেতরেই ছিল। ফলে পয়েন্ট পেয়ে যান ভেকিক।

চেয়ার আম্পায়ারের ঘোষণার সঙ্গে সঙ্গে প্রতিবাদ জানান গফ। এ নিয়ে বেশ কিছুক্ষণ তর্কও করেন তিনি। ম্যাচ শেষে ২০ বছর বয়সী টেনিস তারকা বলেন, 'আমি হিট করার আগেই আউট বলে ডাক দেওয়া হয়। তাতে আমি বলের উপরে উঠে গিয়েছিলাম। তবে হিট করার আগে আউট না বললে এ নিয়ে বিতর্কে জড়াতাম না।'

এ পর্যন্ত ঠিক ছিল। কিন্তু গফ এটা মেনে নিতে পারছেন না আরেক কারণে। ২০২২ সালের ফাইনালেও তার সঙ্গে এমন একটি ঘটনা ঘটেছিল। সে কথা মনে করিয়ে দিয়ে তিনি বলেন, 'আমার মনে হচ্ছে, প্‌তিনিয়ত আমি প্রতারণার শিকার হচ্ছি। এ নিয়ে তিনবার আমার সঙ্গে এমন ঘটনা ঘটলো। আমার সময় তারা (আম্পায়াররা) নিরপেক্ষ থাকেন না।'

লাইন আম্পায়ার অবশ্য ভুলের জন্য ক্ষমা চেয়েছিলেন। কিন্তু গফের মন গলেনি। তার কথা, 'পয়েন্ট পেলেই ম্যাচ জিততাম, এমন নয়। তবে আবার খেলা হলে গেমটি অন্যরকম হতে পারতো।'

## ম্যাথু মটের পদত্যাগ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইংল্যান্ডের সীমিত ওভারের প্রধান কোচের পদ থেকে সরে দাঁড়ালেন ম্যাথু মট। টি-টোয়েন্টি বিশ্বকাপে ব্যর্থতার কারণেই তিনি এমন সিদ্ধান্ত নিয়েছেন। আজ মঙ্গলবার ক্রিকেটবিষয়ক ওয়েবসাইট ক্রিকইনফোর এক সংবাদে এ তথ্য জানা যায়। মটের বিদায়ে জস বাটলারদের অন্তর্বর্তীকালীন কোচের দায়িত্ব পালন করবেন দলটির সহকারী কোচ মার্কাস ট্রেসকোথিক।

ইংল্যান্ড ক্রিকেট বোর্ডের সঙ্গে চার বছরের চুক্তি ছিল মটের। ২০২২ সালের মে মাসে চার বছরের জন্য ইংল্যান্ডের সীমিত ওভারের কোচ হিসেবে নিয়োগ পান তিনি। দায়িত্ব নেওয়ার ছয় মাসের মধ্যেই ইংল্যান্ডকে টি-টোয়েন্টি বিশ্বকাপ জেতান। তবে সর্বশেষ ওয়ানডে বিশ্বকাপে ব্যর্থতার পর বেশ সমালোচিত হন। ২০১৯ সালের চ্যাম্পিয়নদের ২০২৩ সালে ভরাডুবি হয়। ৯ ম্যাচের মধ্যে মাত্র তিনটি ম্যাচ জেতে ইংল্যান্ড, এর মধ্যে দুটি জয় আবার বিদায় নিশ্চিত হওয়ার পর। মূলত এ কারণেই দুই বছর বাকি থাকতেই নিজেকে সরিয়ে নিলেন মট।

গত রবিবার ইংল্যান্ড ক্রিকেট বোর্ডের ম্যানেজিং ডিরেক্টর রব কে'র সঙ্গে সাক্ষাৎ করেন মট। সেখানে গত ৯ মাসে কুড়ি কুড়ির খেলায় দলের জয়-পরাজয়ের গ্রাফ নিয়ে আলোচনা করেন। সেখানেই নিজের সিদ্ধান্তের কথা জানান। পরবর্তীকালে সাংবাদিকদের মট বলেন, 'আমি গর্বিত ইংল্যান্ডের মতো একটি দলের প্রধান কোচের দায়িত্বে ছিলাম। সফলতার জন্য আমরা সবকিছুই করেছি। আমি সত্যিই গর্বিত যে, এমন একটি পদে ছিলাম। দায়িত্বকালে ২০২২ সালে ইংল্যান্ড টি-টোয়েন্টি বিশ্বকাপে চ্যাম্পিয়ন হয়।'

বিদায়কালে কোচিং স্টাফ, ম্যানেজমেন্ট, খেলোয়াড় এবং ইংল্যান্ডের সমর্থকদের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করেন মট। বলেছেন, 'এখানে অনেক স্মৃতি, অনেক বন্ধু, সবাইকে ছেড়ে যেতে হচ্ছে। সবাইকে ধন্যবাদ জানাতে চাই, বিশেষ করে খেলোয়াড়, ম্যানেজমেন্ট ও ইংল্যান্ড ক্রিকেট বোর্ডের কর্তাদেরও। সমর্থকদের ধন্যবাদ জানাতে ভুলব না। যারা সর্বদা আমাদের সমর্থন করেছে। বিশ্বজুড়ে যেখানেই ভ্রমণ করেছি, সেখানেই দুর্দান্ত সমর্থন দিয়েছেন তারা।'

২০২২ সালে চুক্তিবদ্ধের পর অস্ট্রেলিয়া, বাংলাদেশ, আয়ারল্যান্ড, নিউজিল্যান্ড, পাকিস্তান ও নেদারল্যান্ডসের বিপক্ষে সিরিজ জেতে অস্ট্রেলিয়া। কিন্তু টি-টোয়েন্টি বিশ্বকাপে আশানুরূপ ফল না আনতে পারায় প্রশ্নবিদ্ধ হন মট। এরপর স্বেচ্ছায় সরে দাঁড়ান।

মটের বিদায় এবং ইংল্যান্ডের রিপ্লেসমেন্ট হিসেবে দ্রুতই নতুন কাউকে নিয়োগ দেওয়া হবে। এ নিয়ে ম্যানেজিং ডিরেক্টর রব কে বলেছেন, সেপ্টেম্বরে অস্ট্রেলিয়ার বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজ। এ সময় অন্তর্বর্তীকালীন দায়িত্ব দেওয়া হয়েছে সহকারী কোচ মার্কাস ট্রেসকোথিককে। তা ছাড়া দলে অভিজ্ঞ জস বাটলার রয়েছেন, তিনি সাহায্য করবেন।'

দায়িত্বপ্রাপ্তির পর ট্রেসকোথিক বলেছেন, 'ইংল্যান্ড ক্রিকেট দল ভালো অবস্থানে আছে। দলটিতে উদীয়মান অনেক মুখের ভিড়। আমি উচ্ছ্বসিত নতুন দায়িত্ব পেয়ে।'

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR